

ফোরাম এগেনস্ট এ্যান্টি-পিপল্ সাউথ সিটি প্রজেক্টস্

কলকাতা, ১০ ডিসেম্বর, ২০০৯

বন্ধু,

গত বছর ২৪ ডিসেম্বর রাতে, কলকাতা যখন বড়দিনের আলোয় ঝলমল করছে, তখন দক্ষিণ কলকাতায় একচেটিয়া বৃহৎ পুঁজির প্রতিক সাউথ সিটি, লড়াই শ্রমিক শম্ভু সিং-এর পরিবারের উপর আক্রমণ চালায় এবং তাদের গৃহচ্যুত করে। শম্ভু সিং পূর্বতন উষা কারখানার শেষ শ্রমিক যিনি জোর করে দেওয়া ভি. আর. এস না নিয়ে উষা কারখানার জমিতে তাঁর বিধিসম্মত ভাবে প্রাপ্ত কোয়ার্টারে থেকে উষা কারখানার মালিক জয় এন্জিনিয়ারিং ও সাউথ সিটির বিরুদ্ধে আইনি লড়াই চালাচ্ছিলেন। বিচারধীন অবস্থায় তাঁর উপর এই আক্রমণ সাউথ সিটির জনবিরোধী ও আইনবিরুদ্ধ কার্যকলাপের ইতিহাসে শেষতম সংযোজন। উষা কারখানার শ্রমিকদের কর্মহীন করে, সেই কারখানার জায়গায় বিভিন্ন পরিবেশগত আইন লঙ্ঘন করে, বিক্রমগড় ঝিল বুজিয়ে গড়ে উঠেছে সাউথ সিটির বিরাট মল ও অটু লিকা। গত একবছর ধরে সাউথ সিটির এই জনবিরোধী কার্যকলাপের বিরুদ্ধে প্রতিবাদ চলছে। এই আন্দোলনের অংশ হিসাবে আগামী ২৪ ডিসেম্বর সাউথ সিটির সামনে সারাদিনের এক অবস্থান বিক্ষোভের আহ্বান করা হয়েছে। এই অবস্থানে শম্ভু সিং-এর লড়াই-এর সাথে সংহতি, এবং সাউথ সিটির জনবিরোধী কার্যকলাপের বিরুদ্ধে প্রতিবাদের জানানোর সঙ্গে সঙ্গে দক্ষিণ কলকাতায় এবং পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় শিল্প বন্ধ করে তার স্থানে উচ্চবিত্তদের জন্য জমি-বাড়ির একচেটিয়া ব্যবসা করার সরকারী মদতপ্রাপ্ত যে বিরাট চক্রান্ত চলছে, তার বিরুদ্ধে প্রতিবাদ জানানো হবে। এই অবস্থান বিক্ষোভে আপনাকে/আপনার সংগঠনকে অংশগ্রহণ করে এই আন্দোলনকে দৃঢ়তর করতে সর্নিবন্ধ অনুরোধ জানানো হচ্ছে।

ধন্যবাদ সহ

ফোরাম এগেনস্ট এ্যান্টি-পিপল্ সাউথ সিটি প্রজেক্টস্

সময়: দুপুর ২ থেকে

স্থান: সাউথ সিটির সামনে

যোগাযোগ: ৯৮৩১০০৬৭৯৪ / ৯৮৭৪৭০৩৮৯৯